



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একটি সরকারি প্রতিষ্ঠান)

স্থাপিত-১৯৮৪



বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/ সাব এজেন্ট/ দালাল বা প্রতিনিধি নেই।

সরকারি ভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ মহিলা কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার।

বিজ্ঞপ্তি নং-বোয়েস-১৩৫৪/২০১৯ -২৬১

তারিখ : ০৪.০৩.২০১৯ খ্রি.।

বোয়েসেলের মাধ্যমে জর্ডানের Jerash Garments & Fashion Mfg. Co.এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে :

| ক্র নং | পদের নাম                                                  | পদের সংখ্যা | মাসিক মূল বেতন        |
|--------|-----------------------------------------------------------|-------------|-----------------------|
| ০১     | মহিলা সুইং মেশিন অপারেটর Sewing Machine Operator (Female) | ২৪১ জন      | ১৭৬.৫৫ (মার্কিন ডলার) |

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ১৮-৩০ এর মধ্যে হতে হবে।

চাকরির শর্তাবলি :

- (১) দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন)।
- (২) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য)।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে।
- (৪) হাজিরা বোনাস ১৫ মার্কিন ডলার এবং অতিরিক্ত ভাতা ০৭ মার্কিন ডলার।
- (৫) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৬) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
- (৭) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবেন।

বোয়েসেলের সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ :

নির্বাচিত কর্মীদের বোয়েসেলের সার্ভিস চার্জ, বহির্গমন ট্যাক্স, ১৫% ভ্যাট, বোয়েসেলের রেজিস্ট্রেশন ফি, স্মার্টকার্ড ফি এবং ওয়েজ আর্নাস কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ কোম্পানি বহন করবে। তবে মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি নির্বাচিত কর্মীদের বহন করতে হবে।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে :

- (১) ৪(চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা), (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন ও চার সেট সাদাকালো ফটোকপি (৩) বর্তমান অফিসের পরিচয়পত্র/হাজিরা কার্ড (৪) শিক্ষাগত / অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এবং (৫) জীবন বৃত্তান্ত (ইরডু-ফধঃধ)। অগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ, সকাল ৮.০০ টায় সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য ০৮ মার্চ, ২০১৯ রোজ শুক্রবার বাংলাদেশ জার্মান টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, মিরপুর-২, ঢাকা, ও ১৫ এবং ২২ মার্চ, ২০১৯ বাংলাদেশ কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা, দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা, এ উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য ০২-৯৩৬১১২৫, ০২-৯৩৩৬৫০৮ ও ০২-৯৩৬১৫১৫ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করেনা বিধায় কাউকে কোন নগদ অর্থ প্রদান করবেন না

স্বাক্ষর  
৪/৩/১৯

স্বাক্ষর

বোয়েসেল কর্তৃপক্ষ

## অফিস ঠিকানা:

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)  
৭১-৭২ ইফ্রাটন গার্ডেন  
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

## যোগাযোগ নম্বর:

ফোন : +৮৮-০২-৯৩৩৬৫০৮, ৯৩৬১৫১৫ ও ৯৩৬১১২৫ (পিএবিএক্স)  
ইমেইল : info@boesl.org.bd / mdboesl@gmail.com  
ওয়েব : www.boesl.org.bd / www.boesl.portal.gov.bd  
ফ্যাক্স : ৫৮৩১-৬৫৭৭, ৯৩৩০৬৫২